



তারিখ : ৩০ সেপ্টেম্বর ২০২৪

## প্রেস বিজ্ঞপ্তি

### বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এর নিন্দা ও প্রতিবাদ

মিথ্যা মামলায় গতকাল সাবেক বানিজ্য উপদেষ্টা ও আমার দেশ পত্রিকার সম্পাদক নির্যাতিত মাহমুদুর রহমানকে জামিন না দিয়ে কারাগারে প্রেরণের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আজ এক বিবৃতিতে বিএনপি মহাসচিব বলেন, “জনাব মাহমুদুর রহমান দেশের একজন প্রথিতযশা সাংবাদিক। তিনি পতিত স্বৈরাচারী সরকারের আমলে ভয়াবহ নির্যাতনের শিকার হয়েছেন। শারীরিকভাবে তাঁকে আক্রমণ করে রক্তাক্ত করা হয়েছে। ফ্যাসিবাদের হিংস্র আক্রমণে তাঁকে দমাতে না পেয়ে তাঁর জীবনকে বিপন্ন করার চক্রান্ত করা হয়েছে। গণতন্ত্রের পক্ষে সাহসী ও ক্ষুরধার লেখনির জন্যই শেখ হাসিনা তাঁকে ব্যক্তিগতভাবে ধ্বংস করার চেষ্টা করেছেন। তাঁর বিরুদ্ধে আওয়ামী ফ্যাসিষ্ট সরকার বহু মিথ্যা ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত মামলা দায়েরসহ ফরমায়েশী সাজা দিয়ে অকথ্য জুলুম নিপীড়ণ চালিয়েছে। তবু তিনি আওয়ামী সরকারের রক্তক্ষুর ভয়ে ভীত না হয়ে নিজ নীতি ও আদর্শে অটল থেকেছেন। গণতন্ত্র, বহুমতের সহাবস্থান ও ভিন্ন মতের প্রতি শ্রদ্ধার নীতিতে বিশ্বাসী মাহমুদুর রহমান। আওয়ামী কর্তৃত্ববাদের আগ্রাসী আক্রমণের মুখেও তাঁর মাথা নোয়ানো যায়নি। মিথ্যা মামলায় গতকাল তাঁকে জামিন না দিয়ে কারাগারে প্রেরণের মাধ্যমে তাঁর প্রতি অবিচার করা হয়েছে। তাঁর জামিন পাওয়া উচিত ছিল। আমি অবিলম্বে জনাব মাহমুদুর রহমানের বিরুদ্ধে দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহার ও নিঃশর্ত মুক্তির জোর আহ্বান জানাচ্ছি। আশা করবো বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার তাঁকে জামিন দিয়ে গণতন্ত্রের স্বপক্ষের একজন সাংবাদিকের প্রতি সুবিচার নিশ্চিত করবেন।”

বার্তা প্রেরক

স্বঃ মুহাম্মদ মুনির হোসেন

(মুহাম্মদ মুনির হোসেন)

সহ-দফতর সম্পাদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি